উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদ জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত (৪৫ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২০.০৭.২০২৩ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃকউপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায়উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে জুলাই/২৩ মাস পর্যন্ত অ্যাস্ট্রেজেনিকা, ফাইজার ও সিনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ৩৫৬৬২০ জন, ২য় ডোজ ৩১৮২৮৫ জন ও ৩য় ডোজ ১৭৪৮৪৮ জন ও ৪র্থ ডোজ ৮৬৬৮ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, এ বছর ১০০৯২ হে: জমিতে পাটের আবাদ হয়েছে। বর্তমানে পাট কর্তন চলছে। এ পর্যন্ত ২০ ভাগ পাট কর্তন হয়েছে। পানির স্বল্পতার কারেণে পাট চাষীরা পাট জাগ দেয়ার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। এ ব্যাপারে সকলকে সহযোগিতার আহবান জানাচ্ছি। রামকান্তপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের দক্ষিণ মাটিপাড়ায় প্রায় ২০০ বিঘা জমিতে জলাবদ্ধতার কারণে রোপা আমন চাষে কৃষকরা সমস্যার সম্মুখীন হচ্ছেন। এ ব্যাপারে সহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি, রাজবাড়ী এবং চেয়ারম্যান, রামকান্তপুর ইউনিয়ন এর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সাম্প্রতিক সময়ে মশা, মাছি, ডাস প্রভৃতির প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায়, বেশ কিছু গরুতে লাম্পি স্কিন ডিজিজে আক্রান্ত পশু দেখা যাচ্ছে। এছাড়া ঢাকার কোরবানির পশুর হাট থেকে ফেরত আসা গবাদিপশুর কারনে ক্ষুরারোগ এবং পিপিআর রোগের সংক্রমণ বৃদ্ধি পেয়েছে। দুয়েকটি ক্ষেত্রে পল্লীচিকিৎসকের অপচিকিৎসায় কয়েকটি প্রাণীর মৃত্যুর ঘটনা ঘটেছে। এবিষয়ে জেলা প্রশাসনের সহায়তায় ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালিত হয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | প্রতিটি ইউনিয়নে লাম্পি স্কিন ডিজিজ (এলএসডি), ক্ষুরা রোগ (এফএমডি) এবং পিপিআর রোগ বিষয়ে সচেতননতা সভা এবং ফ্রি ভেটেরিনারি ক্যাম্প আয়োজিত হয়েছে।<br>প্রাণিসম্পদ বিভাগের উদ্যোগে দেশের ৩০০ টি স্কুলে সারা বছর স্কুল চলাকালীন দিনগুলোতে বিনামূল্যে দুধ পান করানো কর্মসুচী চলমান রয়েছে। গত ১৮ জুলাই আমাদের মাননীয় সংসদ সদস্য আলহ্বজ কাজী কেরামত আলী এমপি, উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ ইমদাদুল হক বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার মার্জিয়া সুলতানা, ভাইস চেয়ারম্যান মোঃ রকিবুল হাসান পিয়াল এবং উপজেলা শিক্ষা অফিসার নাসরিন আক্তার মহোদয়গণ উপস্থিত থেকে রাজবাড়ী সদর উপজেলার উড়াকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এই কর্মসুচীর শুভ সূচনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জাটকা সংরক্ষণ অভিযান: মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা সংরক্ষণে অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনায় সর্বাত্মক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়।<br>চায়না দূয়ারীঃ বিল এবং নদীর মাছ ধ্বংসকারী অবৈধ চায়না দুয়ারি জালের ব্যবহার প্রতিহত করতে স্থানীয় পর্যায়ে সচেতনতা সভা এবং অভিযান পরিচালনায় উপজেলা প্রশাসন এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>মা ইলিশ সংরক্ষণ প্রস্তুতিঃ ইলিশের প্রধান প্রজনন মৌসুমে অবৈধভাবে যেন কেউ মা ইলিশ নিধন করতে না পারে সেজন্য সচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।<br>২) চেয়ারম্যান (সকল) ইউপি, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। তার বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া শ্রেণী কার্যক্রম চলমান রয়েছে। সিআরভিএস ব্যবস্থার আলোকে শিক্ষার্থীদের ইউনিয়ক আইডির কার্যক্রম অনলাইনে চলমান রয়েছে। শিক্ষার্থীদের উপবৃত্তির কার্যক্রম ও শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। নতুন কারিকুলাম শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন চলমান রয়েছে। ডেঙ্গু বিস্তার রোধে শিক্ষা প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, চলতি মাসে ১৮ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের বয়স্ক ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করার জন্য ফিল্ড পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পযন্ত চলবে। তারপর বয়স্ক ভাতার পে রোল প্রেরণ করা হবে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা সমাজসেবা বিভাগ<br>• | ২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করার জন্য ফিল্ড পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পযন্ত চলবে। তারপর বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার পে রোল প্রেরণ করা হবে।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবন্ধী ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করার জন্য ফিল্ড পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পযন্ত চলবে। তারপর প্রতিবন্ধী ভাতার পে রোল প্রেরণ করা হবে।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ করার জন্য ফিল্ড পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পযন্ত চলবে। তারপর প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির পে রোল প্রেরণ করা হবে।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ করার জন্য ফিল্ড পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পযন্ত চলবে। তারপর অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির পে রোল প্রেরণ করা হবে।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করার জন্য ফিল্ড পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পযন্ত চলবে। তারপর অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার পে রোল প্রেরণ করা হবে।<br>আরএসএস পূন:বিনিয়োগ করা হয় ২,০০,০০০/- এবং আদায়কৃত ১২,২৭,৮৮০/- টাকা মাত্র। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২৯৪৬ মেঃ টন চাউল ও ৫৪৫ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। রাজবাড়ী সদর উপজেলায় ১৪টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির ২৩১ টি বাদপড়া উপকারভোগীদের তালিকা প্রণয়নের কার্যক্রম চলছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জুলাই/২০২৩ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭৪৩৩৩ জন, মোট গ্রহণকারী ৫৭৫৮২ জন, গ্রহনকারীর হার ৭৭.৪৬%, স্থায়ী পদ্ধতির পুরুষ ৩২ জন, মহিলা ১৪ জন। মোট স্থায়ী পদ্ধতি ৪৬ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১৫৪ জন, আইইউডি ৭৩ জন ও ইমপ্লান্ট ২২৭ জন। আশ্রয়ন প্রকল্পে জুলাই/২০২৩ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৬৫ জন। নরমাল ডেলিভারি ১২৩ টি। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, চলতি অর্থ বছরে বিতরণ নাই, চলতি মাসে বিতরণ নাই, আদায়ের হার ৯৯%, কিস্তি খেলাপী ৬৫,৭৭১/- টাকা, ঋণ খেলাপী ৪,৭০,৮২৩/- টাকা। চলতি অর্থ বছরে এবঙ চলতি মাসে প্রশিক্ষণ নাই। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জুলাই/২০২৩ মাসে রুপপুর আশ্রয়ন প্রকল্পের আদায়কৃত ঋণের পরিমাণ ৭০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৫৬০/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ৩৬০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ১৩৪৪০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১২২০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের মধ্যে ২২৩ টি নলকূপ খনন কাজ সম্পূর্ণ হয়েছে। জি.পি.এস প্রকল্পে আওতায় ০৪ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। পি.ই.ডি.পি-৪ প্রকল্পে আওতায় ০৫টি বিদ্যালয়ের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ১৫ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জুলাই/২০২৩ মাসে ঋণ বিতরণ ৯৮.৬৫ লক্ষ টাকা, ঋণ আদায় ১৪১.৩৭ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৩.৫৯ লক্ষ টাকা ও শেয়ার আদায় ০.০০ টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের জুলাই/২০২৩ মাসে ঋণ বিতরণ ৩৭.৭৫ লক্ষ টাকা, ঋণ আদায় ৩৬.৭৯ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.৩৪ লক্ষ টাকা, সদস্য ভর্তি ১৪ জন ও আদায়ের হার ৯৬%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | বিএডিসি (ক্ষুদ্রসেচ) বিভাগ | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, রাজবাড়ী জোন, রাজবাড়ী সভায় বলেন যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, রাজবাড়ী জোন, রাজবাড়ী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জুলাই/২০২৩ মাসে ঋণ বিতরণ ১.১৫ কোটি টাকা, ঋন আদায় ১.৩৫ কোটি টাকা, সঞ্চয় আদায় ০.০৫৭২ কোটি টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ২০ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, 'খানগঞ্জ আদিবাসী পল্লীতে নিরাপদ পানি, স্যানিটেশন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প'র কাজ সমাপ্ত হয়েছে এবং ঠিকাদারী প্রতিষ্ঠান হতে দাখিলকৃত ২১০৭৮৪৪/- টাকা চূড়ান্ত বিল পিএমইউ থেকে অনুমোদিত হয়েছে।<br>সভায় ইউডিএফ আরো জানান যে, ৬ষ্ঠ পর্যায়ের অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তবানা - ০১. উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রাণি চিকিৎসা কেন্দ্রসহ ল্যাবরেটরি নির্মাণ, ০২. বাণীবহ বাজারে একটি পাবলিক টয়লেট নির্মাণ' পিএমইউ হইতে অনুমোদিত হয়েছে। যথাশীঘ্র টেন্ডার প্রক্রিয়া শুরু হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবেই চলছে। | টেন্ডার প্রক্রিয়া যথাশীঘ্র শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়ীটি রাস্তায় চলাচলের অনুপযোগি হয়ে পড়েছে কারণ জীপগাড়ীটির ০৪ (চার) টি টায়ার বর্তমান খুবই খারাপ অবস্থা। সে কারণে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জীপগাড়ীর ০৪ (চার) টি টায়ার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের অনুমোদনের জন্য মন্ত্রনালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জীপগাড়ীর ০৪ (চার) টি টায়ার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের অনুমোদনের জন্য মন্ত্রনালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৫। বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর জুন/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর জুন/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(খ) অগ্নিকান্ড ও প্রাকৃতি দুর্যোগে ক্ষতিগ্রস্থ জনাব হাওয়া, পিতা : আব্দুল্লা মিয়া, গ্রাম : মাটিপাড়া, উপজেলা : রাজবাড়ী সদর, জেলা : রাজবাড়ীসহ ০৬ জন ব্যক্তিকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে আর্থিক সাহায্য বাবদ প্রদানকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার, উপজেলা পরিষদের হলরুমের অটবি'র চেয়ার মেরামত এবং উপজেলা পরিষদ অফিস ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ষ্টীলের আলমারী মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ও উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রম বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২৩-৬৬৫(৫০) তারিখ : ২০.০৭.২০২৩ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০। ..........................................................

..........................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

Msaddar 20/07/23

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।